

## এনএসইউতে এমপিপিজি ও ইএমপিজি প্রোগ্রামের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত

নর্থ সাউথ বিশ্ববিদ্যালয়ের (এনএসইউ) সিডিকোট হলে গতকাল মাস্টার ইন পাবলিক পলিসি অ্যান্ড গভর্নেন্সের (এমপিপিজি) ১২তম ব্যাচ এবং এক্সিকিউটিভ মাস্টার্স ইন পলিসি অ্যান্ড গভর্নেন্সের (ইএমপিজি) সপ্তম ব্যাচের স্প্রিং ২০২৫ সেমিস্টারের ওরিয়েন্টেশন অনুষ্ঠিত হয়। বিশ্ববিদ্যালয়টির সাউথ এশিয়ান ইনস্টিটিউট অব পলিসি অ্যান্ড গভর্নেন্স (এসআইপিজি) আয়োজিত এই অনুষ্ঠান ভবিষ্যৎ নেতৃত্ব গড়ে তুলতে তাদের প্রতিশ্রুতির একটি গুরুত্বপূর্ণ মাইলফলক।

বাংলাদেশে নিযুক্ত নরওয়ের রাষ্ট্রদূত হাকন আরাল্ড গুলব্রান্ডসেন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি বলেন, বাংলাদেশের উন্নয়নের এই গুরুত্বপূর্ণ সন্ধিক্ষণে এই বিষয়টি অধ্যয়ন করা শিক্ষার্থীদের জন্য একটি অসাধারণ সুযোগ। দেশটি উল্লেখযোগ্য নীতি সংস্কারের মধ্য দিয়ে যাচ্ছে এবং এখানে অর্জিত জ্ঞান তার ভবিষ্যৎ গঠনে অমূল্য ভূমিকা পালন করবে। রাষ্ট্রদূত নরওয়ের সম্পৃক্ততা নিয়েও সন্তোষ প্রকাশ করে বলেন, 'আমি আনন্দিত যে নরওয়ে এই প্রোগ্রামের প্রাথমিক পর্যায়ে অংশীদার হতে পেরেছে। এই সহযোগিতা বাংলাদেশে সুশাসনকে এগিয়ে নিতে শিক্ষামূলক উদ্যোগ সমর্থনে আমাদের অঙ্গীকারকে ১১ পৃ: ৬-এর কলামে

আরো জোরদার করেছে।' অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন এসআইপিজির পরিচালক অধ্যাপক শেখ তওফিক এম হক। নতুন শিক্ষার্থীদের পরিচয় পর্বের পর, এনএসইউর পিএসএস বিভাগের চেয়ার ও এসআইপিজির গ্র্যাজুয়েট প্রোগ্রাম কো-অর্ডিনেটর (জিপিপি) ড. রিজওয়ান খায়ের এমপিপিজি ও ইএমপিজি প্রোগ্রামগুলোর বিস্তারিত তুলে ধরেন। এ সময় আরো উপস্থিত ছিলেন— এনএসইউর স্কুল অব হিউম্যানিটিজ অ্যান্ড সোস্যাল সায়েন্সের (এসএইচএসএস) ডিন অধ্যাপক মো: রিজওয়ানুল ইসলাম ও এসআইপিজির উপদেষ্টা অধ্যাপক সালাহউদ্দিন এম আমিনুজ্জামান। অনুষ্ঠান শেষে ধন্যবাদ জ্ঞাপন করেন এনএসইউর পিএসএস ও এসআইপিজির সহকারী অধ্যাপক ড. আকরাম। বিজ্ঞপ্তি।

